



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/4/2022

গভর্নর ক্যাথি হোকল

## ন্যাশনাল ওয়্যার রেড ডে স্মরণে নিউ ইয়র্কের বিখ্যাত স্থানগুলো আলোকিত করার জন্য গভর্নর হোকলের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আমেরিকানদের মৃত্যুর একটি প্রধান কারণ হিসেবে হৃদরোগ সম্পর্কে আরো বেশি সচেতনতা তৈরির উদ্দেশ্যে ন্যাশনাল ওয়্যার রেড ডে উপলক্ষে আজ 4 ফেব্রুয়ারি, 2022 তারিখ রাতে নিউ ইয়র্ক স্টেটের বিখ্যাত স্থানগুলো লাল আলোয় সজ্জিত করা হবে।

"যুক্তরাষ্ট্রে মৃত্যুর অন্যতম প্রধান কারণ, হৃদরোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করাটা আমার জন্য একটি ব্যক্তিগত বিষয়। আমার মা, যিনি কখনো ধূমপান করেননি এবং স্বাস্থ্যসম্মত লাইফস্টাইল অনুসরণ করেছেন, তার 56 বছর বয়সে হার্ট অ্যাটাক হয়েছিল," বলেছেন গভর্নর হোকল। "কেউই কার্ডিওভাস্কুলার রোগের হাত থেকে মুক্ত নন, এবং আজ রাতে আমাদের বিখ্যাত স্থানগুলোকে আলোকসজ্জিত করার মাধ্যমে আমরা অসংখ্য নিউ ইয়র্কবাসীকে উন্নত অভ্যাস অনুশীলন করতে এবং হৃদযন্ত্রের স্বাস্থ্যের উন্নতি করতে উৎসাহিত করতে পারি।"

ন্যাশনাল ওয়্যার রেড ডে-এর স্বীকৃতিতে যেসব বিখ্যাত স্থানগুলো আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418